
# হরমুজ প্রণালি আল্লাহ প্রদত্ত ইরানের শক্তি: গালিবাফ



ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালির ওপর ইরান তার পূর্ণ কর্তৃত্ব বজায় রাখবে বলে জানিয়েছেন দেশটির পার্লামেন্টের স্পিকার ও শীর্ষ আলোচক মোহাম্মদ বাকের গালিবাফ। তিনি বলেছেন, এই কৌশলগত নৌপথ ইরানের সবচেয়ে বড় শক্তির অন্যতম উৎস।

রাষ্ট্রীয় গণমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে গালিবাফ বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া সমঝোতার আওতায় হরমুজ প্রণালিতে সামুদ্রিক সেবার ফি থেকে ৬০ দিনের জন্য সাময়িক অব্যাহতি দেওয়া হয়েছে। তবে এর অর্থ এই নয় যে, ইরান ওই জলপথের ওপর নিজের অধিকার বা নিয়ন্ত্রণ থেকে সরে এসেছে।

তিনি বলেন, "হরমুজ আমাদের আঞ্চলিক জলসীমার অংশ। এটি নিয়ে ইরান কোনো বাধা সৃষ্টি করছে—এমন প্রচারণার সুযোগ আমরা কাউকে দিতে চাই না।"

গালিবাফ আরও বলেন, "এই ইস্যুতে আমাদের অবস্থান স্পষ্ট। কোনো পরিস্থিতিতেই আমরা আমাদের নীতিগত অবস্থান থেকে সরে আসব না।"

হরমুজ প্রণালিকে তিনি "যুদ্ধের সময় আল্লাহর দেওয়া এক গুরুত্বপূর্ণ নিয়ামত" উল্লেখ করে বলেন, এটি ইরানের জন্য একটি বড় কৌশলগত শক্তি এবং জাতীয় স্বার্থ রক্ষায় এর গুরুত্ব অপরিসীম।

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহন পথ হিসেবে পরিচিত হরমুজ প্রণালি দিয়ে প্রতিদিন বিপুল পরিমাণ অপরিশোধিত তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) পরিবহন হয়। এ কারণে এই নৌপথকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরেই ইরান, যুক্তরাষ্ট্র ও পশ্চিমা দেশগুলোর মধ্যে উত্তেজনা বিদ্যমান।

সূত্র: আল জাজিরা।